# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 07 May, 2025

আশুলিয়ায় রুবেল মন্ডল (৩৫) নামের এক ব্যক্তিকে দিনে দুপুরে হত্যার করেছে দুর্বৃত্তরা।এঘটনায় নিহতের মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

বুধবার (৭ মে) দুপুরে আশুলিয়ার পাড়াগ্রামের দেউন থেকে রুবেল মন্ডলের মরদেহ উদ্ধার করা হয়।

নিহত রুবেল মন্ডল আশুলিয়ার পাড়াগ্রাম দক্ষিন পাড়া এলাকার মোঃ নায়েব আলী মন্ডলের ছেলে।তিনি আশুলিয়া ইউনিয়ন পরিষদের ৮ নং ওয়ার্ডের ইউপি সদস্য রুহুল আমীন মন্ডলের ভাই।

পুলিশ জানায়, দুপুর সাড়ে ১২ টার দিকে আশুলিয়ার পাড়াগ্রামের দেউনের একটি নির্জন স্থানে রুবেল মন্ডলের রক্তাক্ত মরদেহ দেখতে পায় এলাকাবাসী।পরে তারা থানায় খবর দিলে ঘটনাস্থল থেকে নিহতের মরদেহ উদ্ধার করে প্রাথমিক সুরতহাল শুরু করা হয়।তার শরীরের বিভিন্ন স্থানে গভীর ক্ষতের চিহ্ন রয়েছে।ধারণা করা হচ্ছে তাকে দুই এক ঘন্টা আগে হত্যা করা হয়েছে।

স্থানীয়রা জানান, রুবেল মন্ডল সকালেও এলাকায় ঘোরাফেরা করেন।সকালের পর থেকে তাকে আর এলাকায় দেখা যায় নি।দুপুরে তার রক্তাক্ত মরদেহদেহ পাওয়া যায়।তবে কি কারনে তাকে হত্যা করা হতে পারে তার কোন তথ্য পাওয়া যায় নি।

আশুলিয়া থানার  ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) কামাল হোসেন বলেন, নিহতের মরদেহ উদ্ধার করে প্রাথমিক সুরতহাল চলছে।তার মরদেহ ময়নাতদন্তের জন্য রাজধানীর সোহরাওয়ার্দী হাসপাতালে পাঠানোর প্রস্তুতি চলছে।একই সাথে হত্যার কারন ও হত্যাকারীদের শনাক্তের চেষ্টা করছে পুলিশ।

হত্যা পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:04

URL: https://www.timestodaybd.com/public/dhaka/6689662097